# <u>একাদশ শ্রেণি বর্ষ সমাপনী  পরীক্ষার অনুশীলন প্রশ্ন</u>

## বাংলা দ্বিতীয় পত্র

## প্রিয় শিক্ষার্থীরা,

কেমন আছো? অনেকদিন তোমাদের দেখা নেই। কল্পনার মনরথে ফিরে যাই সেই প্রিয় প্রাঙ্গণে, যে সবুজ  চত্বর এতোদিন তোমাদের কলতানে মুখরিত ছিল। জানি, তোমরাও তৃষ্ণার্ত হৃদয়ে প্রতীক্ষার দিন গুনে যাচ্ছো। আশা করি পরম করণাময়ের কৃপায় করোনা বিপর্যয় কেটে আমাদের দেখা হবে প্রাণোচ্ছল ক্যাম্পাসে। ততোদিন নিজের, পরিবারের এবং দেশের স্বার্থেই ঘরে থেকো। তোমরা ও তোমাদের পরিবারের জন্য শুভকামনা রলো।

করোনার বৈশ্বিক বিপর্যয়ের ফলে জীবনের নিরাপত্তার জন্য তোমাদের একাদশ শ্রেণির বর্ষ সমাপণীর চলমান পরীক্ষা স্থগিত করা হয়েছিল। জীবনে ছোট বড় অনেক অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি আসতেই পারে। তা মোকাবেলা করার সাহস সঞ্চয় করে অদম্য লক্ষ্যে এগিয়ে যেতে হবে। তাই জ্ঞানার্জন ও অনুশীলন  অব্যাহত রাখবে। লক ডাউনশেষে স্বল্প সময়েই তোমাদের বর্ষ সমাপনীর অসমাপ্ত পরীক্ষা সম্পন্ন করা হবে। ঘরে বসে অনুশীলন করার জন্য বর্ষ সমাপনী পরীক্ষাভিত্তিক প্রশ্ন দিয়ে আজকের পর্বটি সাজানো হয়েছে।

প্র:১।* **অর্থ নির্ভর বিশেষণের প্রকারভেদ গুলো উদাহরণসহ লেখো।**

***কর্মপদের ভূমিকা অনুসারে ক্রিয়ার প্রকারভেদ উদাহরণসহ আলোচনা কর।**

***আবেগ শব্দ কাকে বলে ? উদাহরণসহ আলোচনা কর।**

***যোজক কাকে বলে ? উদাহরণসহ আলোচনা কর।**

**অথবা, নিম্নরেখ দেয়া যেকোন পাঁচটি শব্দের  ব্যাকরণিক শব্দ শ্রেণি নির্ণয় কর।**

<u>নমুনা প্রশ্ন ০১।</u>

(1) এগিয়ে চলেছে প্রতিবাদী <u>মিছিল</u> (2) <u>পড়ন্ত</u> বিকেলে হাঁটতে ভালো লাগে

(3) অনেকে ভাতের <u>বদলে</u> রুটি খায় (4) আজ <u>নয়</u> কাল সে আসবেই

(5) প<u>য়লা বৈশাখ</u> বাঙালির উৎসবের দিন (6) <u>শাবাশ!</u> দারুণ খেলছে আমাদের ছেলেরা

(7) চলো <u>কোথাও</u> বেড়াতে যাই (8) অধিক <u>ভোজন</u> অনুচিত

**<u>নমুনা প্রশ্ন ০২।</u>** একটু <u>মিটমিট</u> করিয়া <u>ক্ষুদ্র</u>  আলো জ্বলিতেছে-- দেয়ালের উপর <u>চঞ্চল</u> ছায়া, প্রেতবৎ <u>নাচিতেছে</u>। আহার প্রস্তত হয় নাই -- এ জন্য <u>হুকা</u> হাতে, নির্মীলিতলোচনে <u>আমি</u> ভাবিতেছিলাম যে, আমি যদি <u>নেপোলিয়ন</u> হইতাম, <u>তবে</u> ওয়াটারলু জিতিতে পারিতাম কিনা।

নমুনা প্রশ্ন ০৩। নিচের অনুচ্ছেদ থেকে পাঁচটি ক্রিয়া বিশেষণ সনাক্ত কর।

# বাবা সকালে দ্রুত বেরিয়ে গেলেন। তখন টিপটিপ বৃষ্টি পড়ছিল। সজ্জাদ ঘরে বসে মন মাতানো টিভি অনুষ্ঠান দেখছিল। এ সময় উপস্থাপক হেসে বললেন, আজ শ্রাবণের প্রথম দিন। বৃষ্টি পড়া মেঘলা দিনে মিলি আহমেদের কণ্ঠে জালাল উদ্দিনের সুর করা আধুনিক গান শোনা যাক। হঠাৎ করে বাবা ফিরে এসে চট করে ছাতাটা নিয়েবেরিয়ে গেল।

## প্র:০২। * প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর:

অন্যান্য, আগ্নেয়, আর্থিক, আষাঢ়ে, আঙ্গিক,  আতরদানি, ইতরামি, ইচ্ছুক, উক্তি, উক্ত, উঠতি, উতরাই, উপ্ত, ঐচ্ছিক, ঐতিহাসিক, কলমদানি, কান্না, কর্তব্য, কারক, কাব্য, কমতি, খেলনা, গমন, গন্তব্য, গ্রাম্য, গায়ক, গরিমা, গতি, গৌরব, ঘাতক, ঘামাচি, চড়াই, চলন্ত, চাতুর্য, চিরুনি, চিরন্তন, চৈনিক,জয়, জনক, জেলে,জ্যান্ত, জ্ঞাতব্য, টেকো, ডাকাত, ঢাকাই, ঢাকেশ্বরী, ত্যাগ, তবলচি, তন্বী, তামাটে, দর্শন, দোলনা, দাঁতাল, দৈত্য, দ্রাঘিমা, দৈনিক, ধর্ম, ধার্মিক,

## অথবা,ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর:

অনাশ্রিত, অবিশ্বাস্য, অপরাহ্ন, অহোরাত্র, অনাসক্ত, অল্পপ্রাণ, অলসতন্দ্রা, অহিনকুল, অকাতর, অকালমৃত্যু, আকণ্ঠ, আমরণ, আরক্তিক, আয়কর, আজকাল, আশীবিষ, উদ্বেল, উপজেলা, উত্তরোত্তর, উপকণ্ঠ, কালান্তর, কাজলকালো, কানাকানি, কবিগুরু, কদাকার, কাগজেকলমে, কলুরবলদ, খেয়াঘাট, খেচর, খাসমহল, গুরুভক্তি, গল্পপ্রেমিক, গৃহান্তর, গাছপাকা, গ্রামান্তর, গায়েহলুদ, গণ্যমান্য, গরমিল, গরমিল, ঘিয়েভাজা, ঘোড়দৌড়, ঘোয়ারডিম, চাঁদমুখ, চৌরাস্তা, চা-বাগান, চালাকচতুর, ছেলেভুলানো, ছায়াশীল, ছেলধরা, জনমানব, জ্যোৎস্নারাত, জীবনপ্রদীপ, জাদুকর, ডাকমাশুল, ঢেঁকিছাঁটা, ত্রিফলা, তেপান্তর,তেপায়া,   তুষারশীতল, তালকানা, ত্রিফলা।

## প্র: ০৩। দিনলিপি

* কলেজে প্রথম দিনের অনুভূতি  বিষয়ে একটি দিনলিপি লেখো।

* আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদ মিনারে  অনুভূতির বর্ণনা দিয়ে একটি দিনলিপি লেখো।

## অভিজ্ঞতা বর্ণন কর:

* বাংলা নববর্ষ উদযাপনের  অভিজ্ঞতা বর্ণন করো।

*একটি গ্রামীণ মেলা ঘুরে দেখার অভিজ্ঞতা বর্ণন করো।

## অথবা, ভাষণ:

* আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে একটি ভাষণ তৈরি  কর।
* পড়ার অভ্যাস গঠন বিষয়ে পাঠচক্রে প্রধান অতিথির ভাষণ তৈরি কর।

## প্রতিবেদন :

* যানজট সমস্যা  সম্পর্কে একটি অনুসন্ধানী প্রতিবেদন তৈরি করো।

* ' ভেজাল খাদ্যে বাজার সয়লাব ' শিরোনামে প্রত্রিকায় প্রকাশের জন্য প্রতিবেদন তৈরি করো।

বি:দ্র: সঠিক নিয়মে না লিখলে নম্বর কমে যাবে, তাই অবশ্যই নির্ধারিত বই থেকে নিয়ম রপ্ত করবে।

## প্রশ্ন: ০৪। বৈদ্যুতিন চিঠি:

* তোমার বড় বোনের বিয়েতে নিমন্ত্রণ জানিয়ে বন্ধুকে বৈদ্যুতিন পত্র প্রেরণ করো।

* বনভোজনে যাওয়ায় সকল তথ্য জানিয়ে বন্ধুদের উদ্দেশ্যে বৈদ্যুতিন পত্র প্রেরণ করো।

## খুদে বার্তা

* বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে  বন্ধুদের উদ্দেশ্যে খুদে বার্তা প্রেরণ করো।

* অসহায় মানুষের জন্য আর্থিক সহযোগিতার আহ্বান জানিয়ে বন্ধুদের কাছে খুদে বার্তা প্রেরণ করো।

বি:দ্র: সঠিক নিয়মে না লিখলে নম্বর কমে যাবে, তাই অবশ্যই নির্ধারিত বই থেকে নিয়ম রপ্ত করবে।

## অথবা, পত্র / আবেদন পত্র

* মাদকাসক্তির কুফল  জানিয়ে ছোট ভাইকে একটি পত্র লেখো।

* একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে ব্যবস্থাপক পদে চাকরির আবেদন পত্র লেখো।

## প্রশ্ন ০৫। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো।

ক) মানব কল্যাণে বিজ্ঞান
খ) বর্তমান সভ্যতায় বিদ্যুতের ভূমিকা

গ) পরিবেশ সংরক্ষণে বনায়ন
ঘ) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

ঙ) বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম
চ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

সবাইকে প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে আজকের অনুশীলন পর্ব শেষ করছি। আগামী পর্বে দেখা হবে তোমাদের দ্বাদশ শ্রেণির প্রাক নির্বাচনী পরীক্ষার অনুশীলন পাঠ নিয়ে। সবার নিরাপত্তা  ও সুস্থ জীবন কামনা করছি।

## মুহাম্মদ আবদুল মোমেন

**সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ**